গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, বরিশাল

এবং

নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র


আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

## আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Regional/Zonal Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল সরকার প্রতিশ্রুত রূপকল্প ২০৪১-এ "স্মার্ট বাংলাদেশ" গঠনে ও ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে সরকারের অন্যতম প্রধান সহায়ক একটি প্রতিষ্ঠান। তৃণমূল পর্যায়ে ডিজিটাল ডিভাইড দূরীকরণের লক্ষ্যে বিসিসি, আঞ্চলিক কার্যালয় বরিশাল, অবকাঠামো উন্নয়ন ও কানেক্টিভিটি, দক্ষ মানবসম্পদ উন্নয়ন, ই-গভর্মেন্ট, আইসিটি শিল্প উন্নয়নে বিভিন্ন উদ্যোগ বাস্তবায়ন এবং বিভিন্ন সরকারি অফিসকে পরামর্শ সেবাসহ নানাবিধ সহযোগীতা করে আসছে। মাননীয় প্রধানমন্ত্রীসহ মাঠ প্রশাসনের উর্ধতন কর্তৃপক্ষের সাথে ভিডিও কনফানেন্সিং এ নির্দেশনা প্রদানের লক্ষ্যে বিসিসি'র ইনফো-সরকার-২ প্রকল্পের আওতায় স্থাপিত DHQ'র মাধ্যমে সাপোর্টসহ বরিশাল বিভাগীয় পর্যায়ে স্থাপিত ৪৮টি মিডিয়াম রাউটার, ১৩শতাধিক এক্সেস রাউটার এবং ৫৩ নোডএ ভিডিও কনফারেন্সিং সিস্টেমে সাপোর্ট ও মনিটরিং রিপোর্টসমূহ বিসিসি প্রধান কার্যালয়ে স্থাপিত Network Operation Centre (NOC) এ প্রেরণ করা হচ্ছে। অত্র কার্যালয় হতে সাম্প্রতিক সময়ে নেটওয়ার্ক সর্ম্পকিত ৩(তিন) শতাধিক সার্পোট প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম আধুনিকায়নের লক্ষ্যে স্মার্টবোর্ডসহ অল-ইন-ওয়ান পিসি দ্বারা একটি নতুন প্রশিক্ষণ ল্যাব স্থাপন করা হয়েছে। বর্তমানে তিনটি ল্যাবে একসাথে মোট ৬০জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করা হয়েছে। আইসিটি রিসোর্স সেন্টারের মাধ্যমে ৩টি ল্যাবের মধ্যে ১টি প্রতিবন্ধী ব্যক্তিদের প্রশিক্ষণ প্রদানের জন্য ব্যবহৃত হচ্ছে। অনলাইনে প্রশিক্ষণ পরিচালনা এবং তিনটি আধুনিক কম্পিউটার ল্যাবে ১৮০ জন প্রতিবন্ধীসহ মোট ৫৭৭ জন'কে বিভিন্ন কোর্সে প্রশিক্ষণ প্রদান করেছে। ৪র্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ মোকাবিলায় আইসিটি শিল্পে দক্ষ মানব সম্পদ গঠনে, সর্বদাই প্রতিষ্ঠানটি যুগোপযোগী ও শিল্পের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ প্রদানসহ ৫টি সেমিনার/কর্মশালা আয়োজন করেছে।এছাড়া মাঠপর্যায়ের বাস্তবায়িত প্রকল্পগুলোতেও বিসিসি আঞ্চলিক কার্যালয়,বরিশাল দায়িত্ব পালন করে আসছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

 বিসিসি আঞ্চলিক কার্যালয় বরিশাল এর নিজস্ব স্থায়ী অবকাঠামো নেই। নিজস্ব অবকাঠামো এবং নিরবিচ্ছিন্ন উচ্চগতির ইন্টারনেট না থাকা সত্বেও প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠোভাবে অব্যাহত রাখা;
 সাংগঠনিক কাঠামোতে পর্যাপ্ত জনবলের অভাব, এই অপর্যাপ্ত জনবল দিয়ে আঞ্চলিক কার্যালয়ের কার্যক্রম সূচারুভাবে পরিচালনা করা;
 মাঠ পর্যায়ে নেটওয়ার্ক স্থাপনাসহ বিসিসি'র কার্যক্রমের সাথে আঞ্চলিক কার্যালয়ের সমন্বয় এবং নিজস্ব কোন পরিবহণ ব্যবস্থা না থাকা সত্বেও কাছে ও দূরের সেবা গ্রহীতাগণের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখা।
 বিভিন্ন সরকারি দপ্তরের দেয়া স্বল্প/বিনামূল্যে প্রশিক্ষণ প্রদানের বিপরীতে বিসিসি কর্তৃক নির্ধারিত ফি এর মাধ্যমে প্রদানকতৃ প্রশিক্ষণের জনপ্রিয়তা ধরে রাখা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

 তৃণমূল পর্যায়ে ডিজিটাল ডিভাইড দূরীকরণ, আইসিটির টেকসই উন্নয়ন, আইসিটি শিল্প বিকাশ এবং নিরাপদ ইন্টারনেট ব্যবহার নিশ্চিত কল্পে আঞ্চলিক কার্যালয় সমূহের স্থায়ী অবকাঠামো নির্মাণের মাধ্যমে অত্র অঞ্চলে একটি তথ্যপ্রযুক্তি বলয় তৈরি করা;
 আধুনিক প্রযুক্তি নির্ভর পেশাজীবি তৈরীর লক্ষ্যে প্রশিক্ষণ কারিকুলাম উন্নয়নসহ অনলাইনে প্রশিক্ষণের ব্যবস্থা করা;
 আঞ্চলিক কার্যালয়ের কার্যক্রম ব্যাপকভাবে জনবান্ধব করার জন্য ট্রেনিং ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহারের মাধ্যমে আঞ্চলিক পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রমে গতিশীলতা আনয়ন।
 প্রকৌশলী শিক্ষা কারিকুলাম উপযোগী ইন্টার্ণশিপ/প্রশিক্ষণ চালু এবং আর্থিক স্বনির্ভতায় ফ্রিলান্সিং/স্টার্টআপ ইনকিউবেশনে সহায়তা করা

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- দক্ষ মানব সম্পদ উন্নয়নে আইসিটি বিষয়ক বিভিন্ন কোর্সে নারী ও প্রতিবন্ধীসহ মোট ১৮০ জন'কে প্রশিক্ষণ প্রদান করা;
- ই-গভর্নেন্স বাস্তবায়নে অত্রাঅঞ্চলের ২০জন কর্মকর্তগণকে প্রশিক্ষন ও স্থাপিত নেটওয়ার্ক নিরবিচ্ছিন্নের জন্য প্রায় ২০০টি সেবা প্রদান
- বরিশাল বিভাগীয় পর্যায়ে ৫৩টি ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন করা হয়েছে। উক্ত সিষ্টেমের ত্রুটিপূর্ণ ডিভাইস সমূহ সচল করা।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, বরিশাল

এবং

নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর মধ্যে ২০২৩ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বহুমূখী ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় সহায়তা প্রদান।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

স্বচ্ছতা, নিরাপত্তার সাথে নাগরিকদের উন্নত সেবা প্রদান। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ক্ষেত্রে গবেষণা ও উন্নয়নের মাধ্যমে জাতীয় লক্ষ্য অর্জনে সরকারকে সহায়তা করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. তথ্য প্রযুক্তি ভিত্তিক শিল্পের প্রসারে দক্ষ মানব সম্পদ উন্নয়ন
২. ই-গভার্ণমেন্ট বাস্তবায়ন
৩. নারী ও প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়ন
৪. স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ৪র্থ শিল্প বিপ্লব/আইসিটি কার্যক্রম পরিচালনা ও অবহিতকরণ

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে যুগোপযোগী ও মান সম্মত প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন
২. জেলা আইসিটি কমিটি এবং জেলা সার্ভিস ইনোভেশন কমিটির সদস্য হিসেবে সক্রিয়ভাবে নিয়মিত অংশগ্রহণ। এছাড়া বিভিন্ন কারিগরি কমিটি এবং অকেজো ঘোষণাকরণ কমিটিতে সরকারী সংস্থার/ প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক অংশগ্রহণ
৩. জেলা ও বিভাগীয় পর্যায়ে তথ্য প্রযুক্তি বিষয়ক অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ
৪. ই-গভঃ বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ সেবা প্রদান এবং সেমিনার ও কর্মশালা আয়োজন
৫. ন্যাশনাল ই-গভঃ নেটওয়ার্ক সম্প্রসারণে সরকারি দপ্তরসমূহে কারিগরি সেবা প্রদান;
৬. আইসিটি রিসোর্স সেন্টার ব্যবহার করে তথ্যপ্রযুক্তি সেক্টরে প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়ন;
৭. নিরাপদ আইসিটির ব্যবহারের কার্যক্রম অবহিতকরণ
৮. বিসিসি কর্তৃক দেশব্যাপী স্থাপিত সরকারী পর্যায়ে ইন্টারনেট সংযোগ ও ভিডিও কনফারেন্সিং সিস্টেম সচল রাখতে পর্যাপ্ত সহযোগিতা প্রদান
৯. সরকারি/বেসরকারি দপ্তরসমূহের চাহিদা অনুযায়ী বিসিসি আঞ্চলিক কার্যালয়ের ল্যাব সুবিধা প্রদান
১০. সরকারি দপ্তরের চাহিদা অনুযায়ী আইসিটি বিষয়ক প্রশিক্ষণে দক্ষ রিসোর্স পারসন প্রেরণ;
১১. উপর্যুক্ত কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন পদক্ষেপ গ্রহণ করা
১২. প্রধান কার্যালয় নির্দেশিত যে কোন দায়িত্ব পালন করা

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| তথ্য প্রযুক্তি ভিত্তিক শিল্পের প্রসারে দক্ষ মানব সম্পদ উন্নয়ন | প্রশিক্ষণার্থীর সংখ্যা | সংখ্যা | ১১৬ | ১২০ | ১৬০ | ১৮০ | ২০০ | NDD প্রজেক্ট, Women চেম্বার, BWIT, BIID, BCC | জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ এর ১.৪.৮ |
| ই-গভঃ বাস্তবায়ন | প্রদানকৃত সেবা | সংখ্যা | ১৫৪ | ২২৭ | ২৪০ | ২৬০ | ২৮০ | BCC(NOC), NTTN (BTCL, F@H, SCL) | জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ এর ১.২.৭ ও ১.১.২ |
| | অংশগ্রহনকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা | সংখ্যা | ২০ | ২৭ | ২০ | ৩০ | ৪০ | বিসিসি ও স্থানীয় সরকারী দপ্তর/সংস্থা | জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ এর ১.৪.৫ |
| নারী ও প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়ন | প্রশিক্ষণার্থীর সংখ্যা | সংখ্যা | ১৫৬ | ৮০ | ৬০ | ৮০ | ১০০ | NDD প্রজেক্ট, Women চেম্বার, BWIT, BIID, BCC | জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ এর ৩.১.৬ ও ৫.১.৫ |
| | সেবাগ্রহীতার হার | % | | | ১০০% | ১০০% | ১০০% | NDD প্রজেক্ট, BCC | জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ |
| স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে চতুর্থ শিল্প বিল্পব/আইসিটি কার্যক্রম পরিচালনা ও অবহিতকরণ | সেমিনার/কর্মশালার সংখ্যা | সংখ্যা | ১ | ২ | ১ | ১ | ২ | বিসিসি, স্থানীয় সরকারী/বেসরকারী দপ্তর সংস্থা | জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ এর ১.১.২ |
| | সেমিনার/কেম্পেইন/কর্মশালার সংখ্যা | সংখ্যা | ০ | ০ | ২ | ৩ | ৪ | বিসিসি, স্থানীয় সরকারি/বেসরকারি দপ্তর সংস্থা ও শিক্ষা প্রতিষ্ঠান | জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ এর ৫.২.১ |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] তথ্য প্রযুক্তি ভিত্তিক শিল্পের প্রসারে দক্ষ মানব সম্পদ উন্নয়ন | ২৫ | [১.১] স্বল্প ও দীর্ঘ মেয়াদী নিয়মিত আইসিটি প্রশিক্ষণ | [১.১.১] প্রশিক্ষণার্থীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২৫ | ১১৬ | ১২০ | ১৪০ | ১২০ | ১০০ | ৮০ | ৪০ | ১৬০ | ১৮০ |
| [২] ই-গভার্ণমেন্ট বাস্তবায়ন | ২০ | [২.১] জাতীয় ই-গভ: নেটওয়ার্ক এর আওতায় সংযুক্ত দপ্তরসমূহকে প্রয়োজনীয় নেটওয়ার্ক সেবা প্রদান; | [২.১.১] কারিগরি সেবার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৭ | ১২২ | ১৫০ | ১৬০ | ১৫০ | ১৪০ | ১৩০ | ১২০ | ১৮০ | ২০০ |
| | | [২.২] ভিডিও কনফারেন্স সিস্টেম নিরবিচ্ছিন্ন রাখার নিমিত্তে কারিগরি সেবা প্রদান | [২.২.১] কারিগরি সেবার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৭ | ৩২ | ৩০ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ৬০ | ৮০ |
| | | [২.৩] স্মার্ট বাংলাদেশ বিনির্মানে ই-গভার্ণমেন্ট বাস্তবায়নে প্রশিক্ষণ | [২.৩.১] অংশগ্রহনকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৪ | ২০ | ২০ | ২০ | ১৫ | | | | ৪০ | ৬০ |
| | | [২.৪] সরকারি দপ্তরসমূহে তথ্য প্রযুক্তি বিষয়ক পরামর্শ সেবা প্রদান/বিভিন্ন সভায় অংশগ্রহণ; | [২.৪.১] প্রদানকৃত পরামর্শ সেবার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | ২৬ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ৫০ | ৫৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] নারী ও প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়ন | ১৫ | [৩.১] নারীর উন্নয়ন/ক্ষমতায়নে আইসিটি প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণার্থীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১০ | ১৬ | ৪০ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ৪০ | ৬০ |
| | | [৩.২] প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়ন/ক্ষমতায়নে আইসিটি প্রশিক্ষণ আয়োজন | [৩.২.১] প্রশিক্ষণার্থীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৪ | ১৪০ | ৪০ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ৪০ | ৬০ |
| | | [৩.৩] প্রতিবন্ধী ব্যক্তিদের আইসিটি বিষয়ক বিভিন্ন সেবা ও পরামর্শ প্রদান; | [৩.৩.১] সেবাগ্রহীতার সংখ্যা | গড় | % | ১ | ০ | ০ | ১০০ | ৮০ | ৬০ | ৪০ | ৩০ | ১০০ | ১০০ |
| [৪] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ৪র্থ শিল্প বিপ্লব/আইসিটি কার্যক্রম পরিচালনা ও অবহিতকরণ | ১০ | [৪.১] ৪র্থ শিল্প বিপ্লব সংশ্লিষ্ট প্রযুক্তি ও সক্ষমতা উন্নয়নে সেমিনার/কর্মশালা আয়োজন | [৪.১.১] সেমিনার/কর্মশালার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৯ | ১ | ২ | ১ | | | | | | |
| | | [৪.২] বিশ্ববিদ্যালয়সমূহে আইটিইই বিষয়ক পরীক্ষা প্রদানে উৎসাহি করতে ক্যাম্পেইন/সেমিনার আয়োজন | [৪.২.১] সেমিনার/ক্যাম্পেইন সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১ | ০ | ০ | ১ | | | | | ১ | ২ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, বরিশাল, নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল হিসাবে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, বরিশাল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| আঞ্চলিক পরিচালক<br>বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক<br>কার্যালয়, বরিশাল | তারিখ |
| নির্বাহী পরিচালক<br>বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | BIID | Bangladesh Institute of ICT in Development |
| ২ | BWIT | Bangladesh Women In Technology |
| ৩ | EPWDICT | Empowerment of Persons with Disabilities including NDD through ICT - প্রকল্প |
| ৪ | F@H | Fiber@Home Limited |
| ৫ | NDD | Neuro Development Disorder |
| ৬ | NOC | Network Operation Center |
| ৭ | NTTN | National Telecommunication Transmission Networks |
| ৮ | SCL | Summit Communications Limited |
| ৯ | UN-APCICT | United Nations Asia Pacific Centre for ICT |
| ১০ | আইসিটিডি (ICTD) | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি ডিভিশন |
| ১১ | বিকেআইআইসিটি (BKIICT) | বাংলাদেশ করিয়া ইন্সটিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি |
| ১২ | বিসিসি (BCC) | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল |
| ১৩ | সিএসআডি CSID | Centre for Services and Information on Disability |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] স্বল্প ও দীর্ঘ মেয়াদী নিয়মিত আইসিটি প্রশিক্ষণ | [১.১.১] প্রশিক্ষণার্থীর সংখ্যা | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, বরিশাল | প্রশিক্ষণের মাসিক প্রতিবেদন/প্রশিক্ষণার্থীদের হাজিরা সীট |
| [২.১] জাতীয় ই-গভ: নেটওয়ার্ক এর আওতায় সংযুক্ত দপ্তরসমূহকে প্রয়োজনীয় নেটওয়ার্ক সেবা প্রদান; | [২.১.১] কারিগরি সেবার সংখ্যা | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, বরিশাল | বিভিন্ন দপ্তরের প্রাপ্ত মেইল/পত্র/অন্যান্য ডকুমেন্ট/আঞ্চলিক কার্যালয়ের প্রতিবেদন |
| [২.২] ভিডিও কনফারেন্স সিস্টেম নিরবিচ্ছিন্ন রাখার নিমিত্তে কারিগরি সেবা প্রদান | [২.২.১] কারিগরি সেবার সংখ্যা | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, বরিশাল | বিভিন্ন দপ্তরের প্রাপ্ত মেইল/পত্র/অন্যান্য ডকুমেন্ট/আঞ্চলিক কার্যালয়ের প্রতিবেদন |
| [২.৩] স্মার্ট বাংলাদেশ বিনির্মানে ই-গভার্ণমেন্ট বাস্তবায়নে প্রশিক্ষণ | [২.৩.১] অংশগ্রহনকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, বরিশাল | অত্র কার্যালয়ের প্রশিক্ষণের মাসিক প্রতিবেদন/প্রশিক্ষণার্থীর হাজির শীট |
| [২.৪] সরকারি দপ্তরসমূহে তথ্য প্রযুক্তি বিষয়ক পরামর্শ সেবা প্রদান/বিভিন্ন সভায় অংশগ্রহণ; | [২.৪.১] প্রদানকৃত পরামর্শ সেবার সংখ্যা | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, বরিশাল | বিভিন্ন সরকারি দপ্তরসমূহ হতে প্রাপ্ত পত্র |
| [৩.১] নারীর উন্নয়ন/ক্ষমতায়নে আইসিটি প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণার্থীর সংখ্যা | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, বরিশাল | অত্র কার্যালয়ের প্রশিক্ষণের মাসিক প্রতিবেদন/প্রশিক্ষণার্থীর হাজির শীট |
| [৩.২] প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়ন/ক্ষমতায়নে আইসিটি প্রশিক্ষণ আয়োজন | [৩.২.১] প্রশিক্ষণার্থীর সংখ্যা | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, বরিশাল | অত্র কার্যালয়ের প্রশিক্ষণের মাসিক প্রতিবেদন/প্রশিক্ষণার্থীর হাজিরা শীট/প্রকল্প দপ্তরের প্রাপ্ত প্রতিবেদন |
| [৩.৩] প্রতিবন্ধী ব্যক্তিদের আইসিটি বিষয়ক বিভিন্ন সেবা ও পরামর্শ প্রদান; | [৩.৩.১] সেবাগ্রহীতার সংখ্যা | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, বরিশাল | অত্র কার্যালয়ের সেবাগ্রহিতার সেবাপ্রদান লিপিবদ্ধ রেজিষ্টারের প্রতিবেদন/সেবাগ্রহিতার সেবাগ্রহনের আবেদন। |
| [৪.১] ৪র্থ শিল্প বিপ্লব সংশ্লিষ্ট প্রযুক্তি ও সক্ষমতা উন্নয়নে সেমিনার/কর্মশালা আয়োজন | [৪.১.১] সেমিনার/কর্মশালার সংখ্যা | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, বরিশাল ও বিসিসির প্রধান কার্যালয় | অত্র কার্যালয়ে আয়োজিত সেমিনার/কর্মশালার প্রতিবেদন |
| [৪.২] বিশ্ববিদ্যালয়সমূহে আইটিইই বিষয়ক পরীক্ষা প্রদানে উৎসাহি করতে ক্যাম্পেইন/সেমিনার আয়োজন | [৪.২.১] সেমিনার/ক্যাম্পেইন সংখ্যা | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, বরিশাল ও বিসিসির প্রধান কার্যালয় | অত্র কার্যালয়ে আয়োজিত সেমিনার/ কেম্পেইনের প্রতিবেদন |

# সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| স্বল্প ও দীর্ঘ মেয়াদী নিয়মিত আইসিটি প্রশিক্ষণ | প্রশিক্ষণার্থীর সংখ্যা | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | বিসিসি প্রধান কার্যালয়ের নির্দেশনা ও বাজেট প্রাপ্তির মাধ্যমে |
| জাতীয় ই-গভ: নেটওয়ার্ক এর আওতায় সংযুক্ত দপ্তরসমূহকে প্রয়োজনীয় নেটওয়ার্ক সেবা প্রদান; | কারিগরি সেবার সংখ্যা | স্থানীয় পর্যায়ে সরকারী দপ্তরসমূহ | স্থানীয় পর্যায়ে সরকারী দপ্তরসমূহের চাহিদা প্রাপ্তির মাধ্যমে |
| সরকারি দপ্তরসমূহে তথ্য প্রযুক্তি বিষয়ক পরামর্শ সেবা প্রদান/বিভিন্ন সভায় অংশগ্রহণ; | প্রদানকৃত পরামর্শ সেবার সংখ্যা | স্থানীয় পর্যায়ে সরকারী দপ্তরসমূহ | স্থানীয় পর্যায়ে সরকারী দপ্তরসমূহ হতে চাহিদা প্রাপ্তির মাধ্যমে |
| ই-গভার্ণমেন্ট বাস্তবায়নে প্রশিক্ষণ | অংশগ্রহনকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা | স্থানীয় পর্যায়ে সরকারী দপ্তরসমূহ | স্থানীয় পর্যায়ে সরকারী দপ্তরসমূহ হতে চাহিদা প্রাপ্তির মাধ্যমে |
| ভিডিও কনফারেন্স সিস্টেম নিরবিচ্ছিন্ন রাখার নিমিত্তে কারিগরি সেবা প্রদান | কারিগরি সেবার সংখ্যা | স্থানীয় পর্যায়ে সরকারী দপ্তরসমূহ | স্থানীয় পর্যায়ে সরকারী দপ্তরসমূহ হতে চাহিদা প্রাপ্তির মাধ্যমে |
| নারীর উন্নয়ন/ক্ষমতায়নে প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণার্থীর সংখ্যা | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | বিসিসি প্রধান কার্যালয়ের নির্দেশনা ও বাজেট প্রাপ্তির মাধ্যমে |
| প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়ন/ক্ষমতায়নে প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণার্থীর সংখ্যা | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | বিসিসি প্রধান কার্যালয়ের নির্দেশনা ও বাজেট প্রাপ্তির মাধ্যমে |
| ৪র্থ শিল্প বিপ্লব সংশ্লিষ্ট প্রযুক্তি ও সক্ষমতা উন্নয়নে সেমিনার/কর্মশালা আয়োজন | সেমিনার/কর্মশালার সংখ্যা | স্থানীয় পর্যায়ে সরকারি দপ্তরসমূহ | স্থানীয় পর্যায়ে সরকারি দপ্তরসমূহ হতে চাহিদা প্রাপ্তির মাধ্যমে |
| বিশ্ববিদ্যালয়সমূহে আইটিইই বিষয়ক পরীক্ষা প্রদানে উৎসাহি করতে ক্যাম্পেইন/সেমিনার আয়োজন | সেমিনার/ক্যাম্পেইন সংখ্যা | স্থানীয় পর্যায়ে বিভিন্ন বিশ্ববিদ্যালয় সমূহ | স্থানীয় পর্যায়ে বিভিন্ন বিশ্ববিদ্যালয় হতে চাহিদা প্রাপ্তির মাধ্যমে |
| প্রতিবন্ধী ব্যক্তিদের আইসিটি বিষয়ক বিভিন্ন সেবা ও পরামর্শ প্রদান; | সেবাগ্রহীতার সংখ্যা | এনডিডি প্রকল্প,সিএসআইডি,বিসিসি ঢাকা, সমাজসেবা কার্যালয় | বিভিন্ন প্রতিষ্ঠান হতে প্রেরিত প্রতিবন্ধী সেবাগ্রহীতার সংখ্যা |

# সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ